

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা


স্মারক নং-স্বাসবি/ইপ/ইউপি-৮৫/৯৮/৫৭৬

তারিখ:- ১২-১০-২০১১খিঃ

বিষয় : জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ প্রদত্ত 'শিক্ষা ভাতা' ইউপি সচিবদের জন্য কার্যকরকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার ইউনিয়ন পরিষদ সচিবদেরকে সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ প্রদত্ত 'শিক্ষা ভাতা' এর সুবিধাদি প্রদানে সম্মত হয়েছে। তবে এব্যাপারে শিক্ষা ভাতা প্রদানের ক্ষেত্রে অবশ্যই জাতীয় বেতন স্কেল সংক্রান্ত অর্থ বিভাগের ০২ ডিসেম্বর, ২০০৯ তারিখের এস আর ও নং-২৫৫-আইন/২০০৯/অম/অবি(বাস্তঃ-১)/জাঃবেঃস্কেল-১/২০০৯/২০২ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

এমতাবস্থায়, সরকারের উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৯ এ প্রদত্ত 'শিক্ষা ভাতা' ইউপি সচিবদের ক্ষেত্রে কার্যকর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(অনুলিখিত দায়)
উপ-সচিব(ইপ-১ অধিশাখা)
ফোনঃ ৭১৬৭১৪৫।

বিতরণঃ

১. জেলা প্রশাসক(সকল)

জেলা

২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,

জেলা.....।